আমাদের সময়

তারিখ 11 JAN 2010
পৃষ্ঠা ... কলাম ...

টাকা নিয়ে বিনামূল্যের বই

# হোসেনপুরে প্রধান শিক্ষক বরখাস্ত

**কিশোরগঞ্জ প্রতিনিধি ●** হোসেনপুর উপজেলায় টাকা নিয়ে বিনামূল্যের বই বিতরণের অভিযোগে ২৩ নং পানান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান মো. আফাজ উদ্দিনকে সাময়িক বরখাস্ত করেছে উপবিভাগীয় পরিচালক শিক্ষা। গতকাল সন্ধ্যায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসে এ সংক্রান্ত আদেশ আসে।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা গোলাম মাওলা রাতে জানান, প্রাথমিক তদন্তে বই প্রদানের বিনিময়ে টাকা গ্রহণের কিছু তথ্য-প্রমাণ পাওয়ায় ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

এ বিষয়ে আরও তদন্তের জন্য হোসেনপুর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে প্রধান করে তিন সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।